# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৭১৭ -এ, তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রিঃ।

**সংশোধিত বিজ্ঞপ্তি**

রীট পিটিশন নং ৯৩৬৪/২০১৬ মামলায় গত ৩১/০৮/২০১৬ খ্রি. তারিখের রায় ও আদেশ এবং অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং ৪২৪-এ, তারিখ ০৭/০৯/২০২৫ খ্রি. মূলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত প্রশাসনিক কর্মকর্তাদ্বয়কে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ২৩,০০০-৫৫,৪৭০/- টাকার স্কেলে (৮ম গ্রেড) অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|
| ১. | জনাব মোহাঃ এহিয়া, প্রশাসনিক কর্মকর্তা | সুপারিনটেনডেন্ট |
| ২. | জনাব মোঃ বাসেদ আলী, প্রশাসনিক কর্মকর্তা | সুপারিনটেনডেন্ট |

০২। তাদের উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১)(খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে ঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ ০২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিসকালে তার/তাদের কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষের নিকট অসন্তোষজনক বলে মনে হয় অথবা তিনি/তারা দক্ষতা অর্জন করতে পারবেন না বলে কর্তৃপক্ষ মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে তিনি/তারা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন কর্তৃপক্ষ তাকে/তাদেরকে সে পদে প্রত্যর্পন করাতে পারবেন।

০৩। এ পদোন্নতির আদেশ তাদের কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১এ-১৮/২০১৫(অংশ) - ১১২৯৭ (৬) -এ, তারিখঃ ২৯/১২/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১০ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৭. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার (প্রশাসন), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. জনাব মোহাঃ এহিয়া, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. জনাব মোঃ বাসেদ আলী, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. হিসাবরক্ষক (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. অফিস কপি।

২৯.১২.২০২৫
(মোঃ মেসবাহ উদ্দিন খান)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার) (ভারঃ)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫।